



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৬-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের স্কুল ফুটবল কমিটির ব্যবস্থাপনায় 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৯-২০' এর ফাইনাল খেলা অদ্য ২৬ ডিসেম্বর ২০২০ তারিখ ছাগলনাইয়া পাইলট হাই স্কুল ফেনী বনাম বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুল এর মধ্যে ঢাকায় পল্টন ময়দানস্থ আউটার স্টেডিয়ামে বিকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। খেলায় বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুল ৪-০ গোলে ছাগলনাইয়া পাইলট হাই স্কুল ফেনীকে পরাজিত করে টুর্নামেন্টের চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুলের পক্ষে হাসান হাওলাদার, রমজান শেখ, তামিম হোসেন ও মিরাজুল ইসলাম প্রত্যেকে ১টি করে গোল করে।

টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দলকে ট্রফি, মেডেল ও ১.০০ (এক) লক্ষ টাকার চেক ও রানার-আপ দলকে ট্রফি, মেডেল ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতা (৪ গোল) ও সেরা খেলোয়াড় ছাগলনাইয়া পাইলট হাই স্কুলের মুনতাদির ফুয়াদ ইবনে নূর, ম্যান অব দ্যা ফাইনাল বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুলের হাসান হাওলাদার, সেরা গোলকীপার বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুলের হাবিবুর রহমান এবং অংশগ্রহণকারী অন্যান্য দলকে ট্রফি প্রদান করা হয়।

ফাইনাল ম্যাচ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর আইএফআইসি ব্যাংক জনাব শাহ মোঃ মঈন উদ্দিন, বাফুফে সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য ও স্কুল ফুটবল কমিটির চেয়ারম্যান জনাব বিজন বড়ুয়া, জনাব মোঃ নুরুল ইসলাম (নুরু), সদস্য জনাব সত্যজিৎ দাশ রূপু, বাফুফে ও এএফসি সদস্য এবং বাফুফে মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ, সদস্য জনাব মহিদুর রহমান মিরাজ ও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।